

বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল(উঃ)

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল (উত্তর) এর ২য় প্রান্তিকের
(জানুয়ারি/২০২৩- মার্চ/২০২৩) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি	: জনাব আ.ন.ম বজলুল করিম মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময়	: ১২.০৩.২০২২ খ্রি., বিকাল: ২:৩০ ঘটিকা
স্থান	: মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল (উত্তর)
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। কর্মক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন বলে তিনি মনে করেন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সম রূপায়োগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল (উত্তর) এর কর্মসূচী/কর্মচারীদের সততা, নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার কাজ শুরু করেন।

- ০২। সভার শুরুতেই বিগত ২ম প্রান্তিকের গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হয়। উক্ত আলোচনায় নিম্নোক্ত অগ্রগতি বিষয় সমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।
- ক) শাখা সমূহ করোনা ভাইরাসের সংক্রমণ রোধে স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।
- খ) RTGS, Online Transaction সহ দৈনন্দিন লেনদেন কার্যক্রমে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হচ্ছে।
- গ) সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ সমূহ প্রায় শতভাগ অর্জন করা হয়েছে।
- ঘ) নিম্নস্বাক্ষরকারীর উপস্থিতিতে শাখার শীর্ষ ঋণখেলাপীদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা করা হয়েছে।
- ঙ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এ উদ্দেশ্যে “Women Entrepreneur’s Development Unit” কর্তৃক শাখা পর্যায়ে “Women Entrepreneur’s Dedicated Help Desk” সমূহের কার্যক্রম মনিটর করা হচ্ছে।
- চ) ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট পরিচিতি বা বিভিন্ন সেবার নিয়মাচার সরাসরি গ্রাহকের/জনসাধারণের কাছে পৌঁছে দেয়া এবং বিকেবি’র গ্রাহক সেবা গ্রহণে আগ্রহী করে তোলার জন্য শাখার দৃশ্যমান স্থানে পোস্টার, ব্যানার লাগানোর ব্যবস্থা করা হয়েছে।
- ছ) আমানতধারীদের মধ্যে ব্যাংকে তারল্য সম্পর্কে যে গুজব প্রচারিত হয়েছে তার বিরুদ্ধে সচেতনামূলক প্রচারনা করা হয়েছে।
- জ) এছাড়াও ২ম প্রান্তিকের অন্যান্য সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে সম্পাদন করায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানান।
- ০৩। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনায় ৪র্থ প্রান্তিকের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

- ক) করোনা ভাইরাসের সংক্রমণ রোধে বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রণীত স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
- খ) মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন রোধে সকলকে সচেতন হতে হবে এবং RTGS, Online Transaction সহ দৈনন্দিন লেনদেন কার্যক্রমে সতর্ক থাকতে হবে।
- গ) সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ ও গ্রীন ব্যাংকিং এর আওতায় ঋণ বিতরণ শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।
- ঘ) শাখা পর্যায়ে খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক সভার মাধ্যমে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা। প্রয়োজনে খেলাপী ঋণ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- চ) ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট পরিচিতি সহ প্রণোদনার ঋণ সমূহ ও বিভিন্ন সেবার নিয়মাচার সরাসরি গ্রাহকের/জনসাধারণের কাছে পৌঁছে দেয়া এবং বিকেবি’র গ্রাহক সেবা গ্রহণে আগ্রহী করে তোলার জন্য শাখার দৃশ্যমান স্থানে পোস্টার, ব্যানার লাগানোর ব্যবস্থা করতে হবে।
- জ) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক/প্রান্তিকের (এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৩। সভায় আর কোনো আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



(আ.ন.ম বজলুল করিম)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভাপতি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

নং-মুআকা/টাংগউঃ/শুদ্ধাচার/প্রশাঃ-০৩/২০২২-২০২৩/ ২৪৬৪ (৪)

তারিখ: ১২.০৩.২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য অঞ্চল, টাংগাইল (উত্তর)।
- ০৪। নথি/মহানথি।



(মোঃ আমজাদ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক